অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অরেঞ্জ কাউন্টিতে জরুরি অবস্থা ঘোষণা করেছেন যেহেতু অত্যধিক বৃষ্টিপাতের কারণে মিড হাডসন অঞ্চলজুড়ে হঠাৎ বন্যা এবং অন্যান্য জীবন ঝুঁকিগ্রস্তকারী প্রভাব সৃষ্টি হয়েছে

অরেঞ্জ কাউন্টিতে আট ইঞ্চি বৃষ্টিপাতের খবর পাওয়া গেছে যার ফলে ব্যাপক বিস্তৃত বন্যা হয়েছে, রাস্তা বন্ধ হয়েছে এবং অন্যান্য জীবনের নিরাপত্তা প্রভাব সৃষ্টি হয়েছে

মিড হাডসন অঞ্চলে বন্যা উদ্ধার প্রয়াসে সহায়তা করার জন্য পাঁচটি দ্রুত পানিতে উদ্ধার দল এবং একটি হাই অ্যাক্সেল যানবাহন মোতায়েন করা হয়েছে

সহায়তার জন্য স্থানীয় অনুরোধের সাড়াদান করতে স্টেটের জরুরি পরিচালনা কেন্দ্র এবং স্টেটের অগ্নি পরিচালনা কেন্দ্র সক্রিয় করা হয়েছে

নিউ ইয়র্কবাসীর উচিত সোমবার পর্যন্ত স্থানীয় আবহাওয়া পূর্বাভাস পর্যবেক্ষণ করা যেহেতু আরো ভারী বৃষ্টিপাত ও বন্যার আশঙ্কা রয়েছে

রকল্যান্ড, ওয়েস্টচেস্টার, অরেঞ্জ, পুটন্যাম, এবং ক্লিন্টন কাউন্টিগুলিতে রাস্তা বন্ধ আছে

গভর্নর হোকল আজকে অরেঞ্জ কাউন্টির জন্য একটি জরুরি অবস্থা ঘোষণা করেছেন, যেখানে আট ইঞ্চি বৃষ্টিপাতের খবর পাওয়া গেছে যার ফলে ব্যাপক বিস্তৃত বন্যা হয়েছে, রাস্তা বন্ধ হয়েছে এবং অন্যান্য ঝড় সম্পর্কিত প্রভাব দেখা যাচ্ছে। গভর্নর হোকলের নির্দেশনায়, নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা এবং জরুরি সেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) সহায়তার জন্য স্থানীয় অনুরোধকে সমর্থন করতে রবিবার স্টেটের জরুরি পরিচালনা কেন্দ্র (Office of Emergency Management, OEM) এবং স্টেটের অগ্নি পরিচালনা (State Fire Operations Center) কেন্দ্র সক্রিয় করেছে। বন্যার উদ্ধার প্রয়াসে সহায়তা করতে রবিবার মিড হাডসন অঞ্চলে DHSES এর অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Office of Fire Prevention and Control, OFPC) চারটি দ্রুত পানিতে উদ্ধার দল মোতায়েন করেছে এবং স্টেট পার্কস দুইটি বাড়তি দল মোতায়েন করেছে। সহায়তার জন্য স্থানীয় অনুরোধের সাড়াদান করতে DHSES এর কর্মীদের অরেঞ্জ কাউন্টি জরুরি পরিচালনা কেন্দ্রের সাথে যুক্ত করা হয়েছে।

"আমি অরেঞ্জ কাউন্টিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করছি যেখানে হঠাৎ বন্যার কারণে জীবন ঝুঁকিগ্রস্তকারী পরিস্থিতি দেখা যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা এই আবহাওয়া ইভেন্টের অতি জটিল পর্যায়ের দিকে যাচ্ছি, এবং নিউ ইয়র্কবাসীকে অবশ্যই সতর্ক থাকতে হবে। মনে রাখুন: বন্যা কবলিত রাস্তা এড়িয়ে চলুন, আপনার স্থানীয় পূর্বাভাস পর্যবেক্ষণ করুন এবং আপনি একটি বিপজ্জনক এলাকায় থাকলে স্থান ত্যাগ করার পরিকল্পনা তৈরি রাখুন।"

সাড়াদানের সমন্বয় করার জন্য DHSES সকল প্রভাবিত কাউন্টির সাথে নিবিড়ভাবে কাজ করছে। স্টেট রুট 9W এবং প্যালিসেডস ইন্টারস্টেট পার্কওয়েসহ বহু রাস্তায় ব্যাপক বন্যা ও ভেসে যাওয়ার ঘটনা ঘটছে। প্যালিস্যাডস পার্কওয়ে নর্থবাউন্ড এক্সিট 14 থেকে লং মাউন্টেন ট্র্যাফিক সার্কেল পর্যন্ত বন্ধ থাকবে। রবিবার সন্ধ্যা পর্যন্ত, পুটন্যাম, ডাচেস, অ্যালবানি, আলস্টার এবং অরেঞ্জ কাউন্টিতে 12,000 এর বেশি বিদ্যুৎ বিভ্রাটের খবর পাওয়া গেছে।

রাত 8টা পর্যন্ত, যেসব রাস্তা বন্ধ ছিলো:

- রকল্যান্ড কাউন্টির প্যালিস্যাডস ইন্টারস্টেট পার্কওয়ে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 9W
- ওয়েস্টচেস্টার কাউন্টির মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 6
- অরেঞ্জ কাউন্টির মার্কিন যুক্তরাষ্ট্রের রুট 9W, স্টেট রুট 218,স্টেট রুট 293, স্টেট রুট 17M, এবং স্টেট রুট 32
- পুটন্যাম কাউন্টির স্টেট রুট 403 এবং স্টেট রুট 301
- ক্লিন্টন কাউন্টির স্টেট রুট 190

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আজকে সন্ধ্যায় মিড হাডসন অঞ্চলের বন্যার সমাধান করার জন্য আমরা অংশীদার এজেন্সি ও স্থানীয় সরকারসমূহের সাথে নিবিড়ভাবে কাজ করছি। আমরা এই আবহাওয়া সিস্টেমের জন্য গত কিছু দিন ধরে প্রস্তুতি নিচ্ছি এবং পুরো সপ্তাহান্তজুড়ে আমরা স্থানীয় কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রেখেছি। নিউ ইয়র্কবাসীদের উচিত ভ্রমণ করলে বাড়তি সতর্কতা অবলম্বন করা এবং সতর্ক থাকা।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন এ. নিগ্রেলি বলেন, "হাডসন ভ্যালি অঞ্চলে আটকে পড়া মোটরচালকদের নিরাপদ স্থানে নিয়ে যেতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ তাদের এজেন্সি ও আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের সাথে কাজ করছে। আমরা অতিরিক্ত ট্রুপার ও সংস্থান মোতায়েন করেছি যার মধ্যে বন্যায় প্রভাবিতদের সহায়তা করার জন্য দ্রুত পানি দল রয়েছে। এটি একটি সক্রিয় জরুরি পরিস্থিতি এবং আরো ঝড়ের আশঙ্কা রয়েছে। আমরা মোটরচালকদেরকে তাদের নিরাপত্তার জন্য সেই এলাকা এড়িয়ে চলার তাগিদ প্রদান করছি।"

আজকে রাতে এবং পুরো রাতজুড়ে স্টেটব্যাপী বৃষ্টিপাত ও বজ্রপাতসহ ঝড়ের আশঙ্কা রয়েছে। আগামীকাল, ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মিড হাডসন, মোহক ভ্যালি, নিউ ইয়র্ক সিটি, নর্থ কান্ট্রি, এবং সাউদার্ন টিয়ার অঞ্চলের জুঁই বজ্রপাতসহ ঝড়ের এবং ফিঙ্গার লেকস

অঞ্চলের জন্য বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ধীরে চলা বজ্রপাতসহ ঝড়ের কারণে হওয়া অত্যধিক বৃষ্টিপাত সম্ভবত আজকে রাত থেকে সোমবার পর্যন্ত হঠাৎ বন্যা এবং গৌণ থেকে বিচ্ছিন্ন মধ্যম মানের নদীর বন্যা সৃষ্টি করতে থাকবে। স্টেটের পূর্বের অধিকাংশ আজকে রাতে ও আগামীকাল অত্যধিক বৃষ্টিপাতের মাঝারি ঝুঁকির অধীনে থাকবে। বাড়তি বৃষ্টিপাতের পরিমাণ সম্ভবত 2 থেকে 4 ইঞ্চির মধ্যে থাকবে, এবং আজকে রাতে ও আগামীকাল স্থানীয়ভাবে তা আরো বেশি হয় ছয় ইঞ্চি পর্যন্ত হতে পারে। স্টেটের অধিকাংশে একটি বন্যা নজরদারি জারি আছে।

আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পূর্বাভাসের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov দেখুন।

নিউ ইয়র্কবাসীদের alert.ny.gov ঠিকানায় NY অ্যালার্ট (NY Alert)-এ সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতা পাওয়ার জন্য সাইন-আপ করতে উৎসাহিত করা হচ্ছে, যা আপনার সেলফোনে বা কম্পিউটারে গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদানকারী বিনামূল্যের একটি পরিষেবা।

স্টেট এজেন্সির প্রস্তুতি

পরিবহন বিভাগ (Department of Transportation)

পরিবহন বিভাগ আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং 3,470 জনের বেশি সুপারভাইজার এবং অপারেটরদের সাথে প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত। একাধিক অঞ্চলের মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিয়োজিত আছে এবং প্রয়োজনমতো সাড়াদান করছে। কর্মীদের যেকোন ধরনের প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ক্রুতে কনফিগার করা যেতে পারে (বন্যার প্রতিক্রিয়া, চিপার, লোড অ্যান্ড হউল, সিভার জেট, কাট অ্যান্ড টস, ট্রাফিক সিগন্যাল ইত্যাদি)।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,425টি বৃহৎ ডাম্প ট্রাক
- 323টি বিশাল লোডার
- ট্র্যাকযুক্ত ও চাকাযুক্ত 79টি এক্সকাভেটর
- 84টি চিপার
- 19টি গ্রেডার
- 18টি সিউয়ার জেট সহ ভ্যাকুম ট্রাক
- 15টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority)

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 654 জন অপারেটর ও সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সকাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 362টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 59টি লোডার
- 33টি ট্রেইলার
- 6টি ভ্যাক ট্রাক
- 12টি এক্সক্যাভেটর
- 8টি ব্রাশ চিপার
- 100টি চেইন স
- 23টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 83টি বহনযোগ্য জেনারেটর
- 67টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপের মাধ্যমে মোটরিস্টরা রাস্তায় থাকার সময় লাইভ ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম তথ্য ও নেভিগেশন সংক্রান্ত সহায়তায় সরাসরি অ্যাক্সেস পাবেন। এছাড়া মোটরিস্টরা TRANSঅ্যালার্টের ই-মেলের জন্য সাইন আপ করতে পারেন, যা থেকে থ্রুওয়েতে সর্বশেষ ট্রাফিক আপডেট পাওয়া যাবে, ফলো করুন @ThruwayTraffic Twitter-এ এবং ভিজিট করুন thruway.ny.gov যাতে থ্রুওয়ে এবং নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য রোডওয়েজের জন্য ইন্টারঅ্যাক্টিভ ম্যাপের মাধ্যমে ট্রাফিকের অবস্থা জানা যায়।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

পরিবেশ সংরক্ষণ বিভাগ পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি অবস্থার ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়ায় পরিস্থিতির পর্যবেক্ষণ করছে। চরম আবহাওয়া, যেমন ভারী বৃষ্টিপাত ও স্থানীয় বন্যা দ্বারা ক্ষতিগ্রস্ত হতে অপরে এমন এলাকা ও অবকাঠামোতে DEC কর্মীরা সক্রিয়ভাবে টহল দিবে এবং বাসা, ব্যবসা, বা অবকাঠামো সুরক্ষায় প্রশমন প্রয়োজন হলে বন্যা প্রশমন সরঞ্জাম, যেমন পাম্প ও স্যান্ডব্যাগের সমন্বয় করতে তারা স্থানীয় এজেন্সির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে। সকল উপলভ্য সম্পদ যেকোনও জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে বেড়াতে আসা মানুষের উচিত https://parks.ny.gov ভিজিট করা, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি দেখা বা পার্কের সময়, খোলা এবং বন্ধের সময় সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে যোগাযোগ করা।

জনসেবার বিভাগ (Department of Public Service)
এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 5,500 জন কর্মী রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)
স্টেট পুলিশ ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে অতিরিক্ত অশ্বারোহী সৈনিক মোতায়েন করেছে। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। মোটরচালকদের প্রভাবিত অঞ্চল এড়িয়ে চলা উচিত। প্যালিস্যাডস পার্কওয়ে নর্থবাউন্ড এক্সিট 14 থেকে লং মাউন্টেন ট্র্যাফিক সার্কেল পর্যন্ত বন্ধ থাকবে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি
মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীদের যেকোনও আবহাওয়া সম্পর্কিত সমস্যায় সাড়াদান বা ট্র্যাকের উপর ভেঙ্গে পড়া যেকোনও গাছ সরাতে প্রস্তুত থাকবে। গ্রাহকদের পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info ওয়েবসাইট দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta এবং TrainTime।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)
পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে।

পোর্ট অথরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

দুর্যোগের সরবরাহ
দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল

- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তায় কখনো গাড়ি চালানোর চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানির উচ্চতা বৃদ্ধি পেতে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে বেরিয়ে পড়ুন।
- দ্রুত গতিতে প্রবহমান পানির শক্তিকে ছোট করে দেখবেন না। দ্রুত গতিতে চলমান দুই ফুট উচ্চতার বন্যার পানি আপনার গাড়িকে ভাসমান করে ফেলবে, এবং ঘণ্টায় দুই মাইল গতিবেগে প্রবহমান পানি রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।

বজ্রপাত

- 30- 30 নিয়ম মেনে চলুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষবার বিদ্যুৎ চমকানোর পর আপনার আশ্রয়স্থল থেকে বের হওয়ার আগে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবচেয়ে লম্বা বস্তুতে আঘাত হানে। যদি আপনি গাছের উপরে থাকেন, তাহলে দ্রুত নিচে নেমে যান এবং যদি খোলা জায়গায় থাকেন তাহলে নিচে বসে যান।
- যদি আপনি কোনো আশ্রয়স্থলে যেতে না পারেন, তাহলে গাছ থেকে দূরে থাকুন। যদি কোনো আশ্রয়স্থল না থাকে, তাহলে লম্বা গাছ থেকে সেটির উচ্চতার দ্বিগুণ দূরত্বে খোলা জায়গায় নিচু হয়ে বসে পড়ুন।

ঘূর্ণিঝড়

- যদি ঘরের বাইরে থাকেন এবং ঘূর্ণিঝড়ের সতর্কতা জারি করা হয়, তাহলে অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। যদি কাছাকাছি কোনো আশ্রয়স্থল না থাকে, তাহলে আপনার হাত দিয়ে মাথা ঢেকে ফেলে কোনো গর্তে বা নিচু জায়গায় উপুড় হয়ে শুয়ে পড়ুন।
- যদি বাড়িতে থাকেন অথবা কোনো ছোট ভবনে থাকেন, তাহলে বেসমেন্টে অথবা ভবনের সবচেয়ে নিচের তলায় ভেতরের দিকের একটি রুমে চলে যান। জানালা থেকে দূরে থাকুন। ক্লোজেট, বাথরুম, ঘরের ভেতরের অংশের অন্যান্য রুম সবচেয়ে ভালো সুরক্ষা দেয়। মজবুত কোনো কিছুর নিচে অবস্থান গ্রহণ করুন অথবা ম্যাট্রেস দিয়ে নিজেকে ঢেকে নিন।

- যদি স্কুলে, হাসপাতালে, বা শপিং সেন্টারে থাকেন, তাহলে আগে থেকে নির্ধারিত আশ্রয় গ্রহণের জায়গায় চলে যান। বড় খোলা জায়গা ও জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- যদি উঁচু কোনো ভবনে থাকেন, তাহলে সম্ভাব্য সবচেয়ে নিচু ফ্লোরে ভেতরের দিকের ছোট কোনো রুমে বা হলওয়েতে চলে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

ব্যক্তিগত প্রস্তুতি জন্য এবং তীব্র আবহাওয়ায় কীভাবে নিরাপদ থাকতে হয় সেই সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান: https://www.dhses.ny.gov/safety-and-prevention।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418